

## চট্টগ্রাম ভার্শিটিতে উত্তেজনা : ছাত্রছাত্রীরা হল ত্যাগ করছে

।। স্টাফ রিপোর্টার ।।  
চট্টগ্রাম, ১লা জুন।- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে স্টুডেন্ট উত্তেজনাকর পরিস্থিতিতে আবারও সংঘাতের আশংকা

দেখা দিয়েছে। ছাত্র-ছাত্রীরা আতংক-শংকায় ক্যাম্পাস ও হল ত্যাগ করেছে। শিক্ষকরা নিরাপত্তাহীনতায় ভুগছে।

সর্বদলীয় ছাত্রঐক্য ও ছাত্র শিবিরের উদ্যোগে সমাবেশ পান্টা-সমাবেশ অনুষ্ঠিত হচ্ছে। শিবির আগামীকাল বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট আহ্বান করেছে। এদিকে আজ বিশ্ববিদ্যালয় বন্ধ করার (শেষ পৃঃ ২-এর কঃ পঃ)

### চট্টগ্রাম ভার্শিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

স্টুডেন্ট ও ভাইস চ্যান্সেলরকে আটকে রাখার প্রতিবাদে সর্বদলীয় ছাত্রঐক্যের এক সমাবেশ চাকসু ডিপি নাজিম উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় ছাত্রনেতা ফারুক হত্যার আসামীদের ক্ষেপ্তার করা না হলে আগামীতে 'বৃহত্তর' কর্মসূচী ঘোষণা করা হবে বলে জানানো হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি সম্পর্কে সাধারণ শিক্ষকরা উদ্বেগ প্রকাশ করছেন। অধ্যাপক ফজলে হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় বলা হয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১৯৯০ সালের মেয়াদ উত্তীর্ণ কার্যকরী পরিষদের কয়েকজন কর্মকর্তা এবং তাদের সমর্থনপুষ্ট কিছুসংখ্যক শিক্ষক বিশেষ ছাত্র সংগঠনের কর্মসূচীর সঙ্গে সামঞ্জস্য রেখে নৈরাজ্যমূলক কর্মসূচী ঘোষণা করেছে। এতে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সূত্র পরিবেশ বজায় রাখা অসম্ভব হয়ে পড়েছে।

সভায় শিক্ষার্থীদের মূল্যবান শিক্ষাজীবন অব্যাহত রাখার স্বার্থে এ ধরনের হঠকারী ও অনভিপ্রেত কর্মসূচী থেকে সংশ্লিষ্ট মহলকে বিরত থাকার আহ্বান জানানো হয়। এ সভায় অধ্যাপক আলী ইমদাদ খান, অধ্যাপক এনামুল হক, অধ্যাপিকা হামিদা বানু প্রমুখ বক্তব্য রাখেন।